দৈনিক
জনকণ্ঠ

তারিখ 21 SEP 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# শিক্ষার মানোন্নয়নে অগ্রাধিকার দিতে হবে ॥ ড. হারুন

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ।** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেছেন, কলেজ শিক্ষার মানোন্নয়নে এখন আমাদের অগ্রাধিকার দিতে হবে। এ ক্ষেত্রে অধ্যক্ষবৃন্দকে বিশেষ ভূমিকা পালন করতে হবে।

ফাইল স্বাক্ষর আর রুটিন ওয়ার্কের মধ্যে সীমাবদ্ধ থাকা নয়, তাদের হতে হবে স্ব-স্ব প্রতিষ্ঠানের একাডেমিক লিডার। শিক্ষা কার্যক্রম মনিটরিংয়ে তাঁদের অধিকতর দৃষ্টি দিতে হবে। অধ্যক্ষদের নেতৃত্বের ওপরই নির্ভর করবে সার্বিক শিক্ষার উন্নয়ন। তিনি মঙ্গলবার সকালে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহের অধ্যক্ষবৃন্দকে নিয়ে 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়ক এক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে প্রথমবারের মতো আয়োজিত এ কর্মশালায় প্রথম ব্যাচে বিভিন্ন কলেজের একশ' অধ্যক্ষ অংশগ্রহণ করেন। ২২টি ব্যাচে দুই হাজার দুই শতাধিক কলেজের অধ্যক্ষগণ পর্যায়ক্রমে এ কর্মশালায় অংশ নেবেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র এর ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ আসলাম ভুঁইয়া, প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, ট্রেজারার অধ্যাপক মোঃ নোমান উর রশীদ, ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধানগণ এবং শিক্ষক-কর্মকর্তাবৃন্দ।